

প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন

**খুলনা ডার্সিটি শিক্ষা কার্যক্রমের
দশম বছর পূর্তি উপলক্ষে
আজ অনুষ্ঠান**

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের দশম বছর পূর্তি উপলক্ষে আজ রবিবার ক্যাম্পাসে বর্ণাঢ্য এক অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানমালার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে নতুনভাবে সাজানো হয়েছে।

খুলনাবাসীর দীর্ঘ আন্দোলনের ফসল হিসাবে ১৯৮৭ সালের ৪ জানুয়ারি খুলনা বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শুরু হয়। ১৯৯১ সালে চারটি ডিসিপ্রিনে ৮০ জন শিক্ষার্থী নিয়ে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। ওই বছর ২৫ নবেম্বর শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করেন তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। দিনটি বিশ্ববিদ্যালয় দিবস হিসাবে পালন করা হচ্ছে। খুলনা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৫টি ফুলের অধীন ১৬টি ডিসিপ্রিনে তিন হাজারেরও অধিক ছাত্রছাত্রী পড়াশুনা করছে। নতুন, পুরনো এ বিশ্ববিদ্যালয়টি নানাবিধ সমস্যা নিয়ে এগুচ্ছে। আবাসন সমস্যা খুবই প্রকট। বর্তমানে দু'টি একাডেমিক ভবনে ডিসিপ্রিনগুলোর প্রয়োজন মেটে না। নির্মিত হয়নি কেন্দ্রীয় লাইব্রেরী ভবন। কেন্দ্রীয় মিলনায়তন, জিমনেশিয়াম নেই। ল্যাবের সুযোগ-সুবিধা খুবই কম। ছাত্রদের জন্য দু'টি এবং ছাত্রীদের জন্য একটি আবাসিক হল থাকলেও অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে এক-তৃতীয়াংশেরও আবাসন সমস্যার সমাধান হয় না। বিশ্ববিদ্যালয়ের দশক পূর্তি এবং বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে ক্যাম্পাসকে নতুনভাবে সাজানো হয়েছে। বেলা ১২টায় প্রধানমন্ত্রী অনুষ্ঠানমালার উদ্বোধন করবেন।